দৈনিক
ইত্তেফাক

তারিখ 10 MAY 2009
পৃষ্ঠা ৩ কলাম ৩

# সৃজনশীল পদ্ধতি বাস্তবায়নের প্রতিবাদে অভিভাবক ও শিক্ষার্থীদের সমাবেশ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

৯ম শ্রেণী তথা ২০১১ সালের এসএসসি পরীক্ষার্থীদের উপর সৃজনশীল পরীক্ষা পদ্ধতি প্রয়োগের প্রতিবাদে গতকাল শনিবার মুক্তাঙ্গনে সমাবেশ করেছে অভিভাবক ও শিক্ষার্থীরা। সারা দেশ থেকে আসা অভিভাবক সমন্বয় কমিটির নেতৃবৃন্দ ও রাজধানীর মাধ্যমিক বিদ্যালয়গুলোর শিক্ষার্থীরা এই সমাবেশে অংশগ্রহন করেন। সমাবেশে বক্তারা বলেন, সরকারের চাপিয়ে দেয়া সৃজনশীল পদ্ধতির আংশিক সিলেবাসের উপর স্কুলগুলোতে যে প্রথম সাময়িক পরীক্ষা নেয়া হয়েছে তাতে সারাদেশে অত্যন্ত হতাশাব্যঞ্জক চিত্র ফুটে উঠেছে। প্রশ্ন ও প্রশ্নোত্তর বুঝতে না পারা, যথাযথ উত্তর প্রয়োগ করতে না পারা, প্রশ্নপত্রের ধরন অনুযায়ী সময় না পাওয়া, প্রশ্ন প্রণয়নে সৃজনশীল পদ্ধতির নামে শিক্ষকদের স্বেচ্ছাচারিতা এবং বেশিরভাগ ক্ষেত্রেই বিভিন্ন গাইড বই থেকে প্রশ্ন করাসহ নানান কারণে এই পরীক্ষায় অংশগ্রহণকারী স্কুল শিক্ষার্থীরা হয়রানির শিকার হয়েছে। বক্তারা বলেন, প্রথম সাময়িক পরীক্ষায় আংশিক বাস্তবায়নের ফলেই শিক্ষার্থীরা মানসিকভাবে বিব্রতকর অবস্থায় পড়ছে। সেক্ষেত্রে এই পদ্ধতিতে পূর্ণাঙ্গ সিলেবাসে পরীক্ষা হলে স্বাভাবিকভাবেই শিক্ষার্থীদের ভয়াবহ অভিজ্ঞতার সম্মুখীন হতে হবে। অভিভাবক নেতৃবৃন্দ বলেন, সৃজনশীল পদ্ধতি চাপিয়ে দেয়া হচ্ছে তা মূলত বিতর্কিত কাঠামোগত পদ্ধতিরই একটি রূপ। তারা বলেন, শিক্ষকদের ঠিকমত প্রশিক্ষণ শেষ না করে আগাম প্রজ্ঞাপন জারি করে ২৩ টি বিষয় এই পদ্ধতির আওতায় এনে তা চালু করা সরকারের একটি হঠকারী সিদ্ধান্ত। অভিভাবকরা সৃজনশীল পদ্ধতি ৯ম শ্রেণী থেকে কার্যকর না করে নিম্ন যে কোন শ্রেণী থেকে কার্যকর করা ও নতুন এই পদ্ধতি চালুর আগে শিক্ষকদের দীর্ঘমেয়াদী বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেয়ার দাবি জানান। সমাবেশে বক্তারা সৃজনশীল পদ্ধতি চালুর ক্ষেত্রে শিক্ষক-অভিভাবক-শিক্ষার্থী সবার মতামত বিশ্লেষণ করে একটি সর্বজন গ্রাহ্য সিদ্ধান্ত নেয়ার দাবি জানান সরকারের কাছে। মহাসমাবেশে বক্তৃতা করেন অভিভাবক সমন্বয় কমিটির আহবায়ক ছেফায়েত উল্যাহ পাটোয়ারী, যুগ্ম আহবায়ক মাহবুবুল আলম, খন্দকার মোশারফ হোসেন, আবু তালেব দোলন, সদস্য সচিব নিপা সুলতানা, যুগ্ম আহবায়ক, প্রচার সম্পাদক খলিলুর রহমান কাদরী প্রমুখ।

**প্রথম সাময়িক পরীক্ষায় হতাশাব্যঞ্জক চিত্র ফুটে উঠেছে**